**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

## ঢাকা, বুধবার ২৫ মে ২০১৬, ১১ জ্যৈষ্ঠ ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থা যাবে মাটির নীচে : একনেক সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

২। ব্রিটিশ প্রধানমন্ত্রী ডেভিড ক্যামেরনের সঙ্গে বৈঠক করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা : জি-৭ শীর্ষ সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাপান যাচ্ছেন আগামীকাল

৩। ৫৪ ও ১৬৭ ধারা নিয়ে হাইকোর্টের রায় বহাল : রাষ্ট্রপক্ষের আপিল খারিজ

৪। রায় অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে : ৫৪ ধারা নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী

৫। ২০১৭ সালে বিনামূল্যে শিক্ষক নির্দেশিকা সরবরাহ করা হবে : শিক্ষামন্ত্রী

৬। ভোজ্যতেলে ভিটামিন ‘এ’ নিশ্চিত করতে শিল্পমন্ত্রীর আলটিমেটাম

৭। এইচএসসি’র ২৭ মে’র পরীক্ষা আগামী ১২ জুন অনুষ্ঠিত হবে

৮। প্রেম ও মানবতার কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী আজ

৯। বুয়েটের উপাচার্য খালেদা একরামের ইন্তেকাল

১০। আসন্ন রমজান ও ঈদ উপলক্ষে চাঁদাবাজি রোধে তৎপর থাকতে পুলিশকে নির্দেশ আইজিপি’র

১১। সোনালী ব্যাংকের ঋণ জালিয়াতির মামলায় এজিএমসহ তিন জনের যাবজ্জীবন

১২। খালাসের পরও ১৩ বছর আটক জাবেদ আলীকে কেন ২০ লাখ টাকা ক্ষতিপূরণ দেওয়া হবে না জানতে চেয়ে হাইকোর্টের রুল জারি

চলমান পাতা/২

**১। বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থা যাবে মাটির নীচে : একনেক সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

রাজধানীর বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থা মাটির তলদেশে নিয়ে যাওয়া হবে। এজন্য 'ডেসকো এলাকায় বিদ্যমান ৩৩ কেভি ওভারহেড লাইনকে আন্ডার গ্রাউন্ড কেবলে রূপান্তর, ক্ষমতা বর্ধন এবং স্থাপন' শীর্ষক প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এ প্রকল্পে প্রথমবারের মতো এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক (এআইআইবি) থেকে ঋণ নেওয়া হচ্ছে। মোট ৫৬৮ কোটি ৮০ লাখ টাকা ব্যয়ের এ প্রকল্পে এআইআইবির ঋণ পাওয়া যাবে ৩৫৮ কোটি ৫৬ লাখ টাকা। গতকাল ২৪ মে মঙ্গলবার শেরেবাংলা নগরস্থ এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত একনেক বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল জানান, মাটির তলদেশ দিয়ে বিদ্যুৎ সঞ্চালন লাইন কত গভীরে এবং কোন এলাকা দিয়ে যাবে তার যথাযথ মানচিত্র প্রণয়ন এবং সংরক্ষণের নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী। এছাড়া সভায় ৬ হাজার ৯৫০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে মোট ৬টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়। এর মধ্যে সরকারি তহবিল থেকে ৪ হাজার ১৪৬ কোটি ৯৪ লাখ টাকা, সংস্থার নিজস্ব তহবিল থেকে ১৪১ কোটি ৫৯ লাখ টাকা এবং বৈদেশিক সহায়তা থেকে ২ হাজার ৬৬১ কোটি ৭০ লাখ টাকা অনুমোদন দেওয়া হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **অবজারভার বিজনেস পাতা** (পৃ.১,ক.১)।

**২। ব্রিটিশ প্রধানমন্ত্রী ডেভিড ক্যামেরনের সঙ্গে বৈঠক করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**
**: জি-৭ শীর্ষ সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাপান যাচ্ছেন আগামীকাল**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আসন্ন জাপান সফরকালে ব্রিটিশ প্রধানমন্ত্রী ডেভিড ক্যামেরনের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। জাপানের প্রসিদ্ধ পর্যটন নগরী আইস শিমায় জি-৭ শীর্ষ সম্মেলনের সাইড লাইনে এ বৈঠক হবে বলে কূটনৈতিক সূত্র জানায়। বিশ্বের শিল্পোন্নত সাতটি দেশের জোট জি-৭ এর সদস্য হিসেবে ডেভিড ক্যামেরন ঐ সম্মেলনে অংশ নেবেন আর প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাইড লাইনে আউটরিচ বৈঠকে বিশেষভাবে আমন্ত্রিত হয়ে যোগ দেবেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ সাতটি দেশের সরকার প্রধানগণ আউটরিচে যোগ দেবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ইনকিলাব** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮)।

**৩। ৫৪ ও ১৬৭ ধারা নিয়ে হাইকোর্টের রায় বহাল : রাষ্ট্রপক্ষের আপিল খারিজ**

ফৌজদারি কার্যবিধির ৫৪ ধারা (পরোয়ানা ছাড়া গ্রেফতার) এবং সাদা পোশাকে পুলিশ কাউকে গ্রেফতার করতে পারবে না। পরোয়ানা ছাড়া কাউকে গ্রেফতার করতে হলে এখন থেকে পুলিশকে পরিচয়পত্র দেখাতে হবে। গতকাল ২৪ মে মঙ্গলবার ফৌজদারি কার্যবিধির পরোয়ানা ছাড়া গ্রেফতার (৫৪ ধারা) এবং হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ (১৬৭ ধারা) সংশোধন সংক্রান্ত হাইকোর্টের রায়ের বিরুদ্ধে করা আপিল খারিজ করে দেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। এর ফলে ৫৪ ধারা ও ১৬৭ ধারা নিয়ে হাইকোর্টের নির্দেশনা বহাল এবং তা মানায় সরকারের বাধ্যবাধকতা থাকছে বলে জানিয়েছেন আইনজীবীরা। প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বে আপিল বিভাগের চার বিচারপতির বেঞ্চ এ রায় দেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১),

**জনকণ্ঠ, ইত্তেফাক, প্রথম আলো, ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার, ডেইলি সানসহ** অধিকাংশ দৈনিক পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৪। রায় অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে : ৫৪ ধারা নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী**

ফৌজদারি কার্যবিধির ৫৪ ধারা ও ১৬৭ ধারা প্রয়োগের বিষয়ে সর্বোচ্চ আদালতের পূর্ণাঙ্গ রায়ের নীতিমালা প্রকাশের পর সেই অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। গতকাল ২৪ মে মঙ্গলবার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে নিজ দফতরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.৫)।

**৫। ২০১৭ সালে বিনামূল্যে শিক্ষক নির্দেশিকা সরবরাহ করা হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ জানিয়েছেন, ২০১৭ সালে সরকার প্রাক-প্রাথমিক থেকে মাধ্যমিক স্তরে বিনামূল্যে ৩৬ কোটি ৩ লাখ ১৮ হাজার ৯৭৯টি বই বিতরণ করবে। এবার বিনামূল্যে পাঠ্যপুস্তকের সঙ্গে শিক্ষকদের জন্য বিনামূল্যে এক কোটি ৩৩ হাজার শিক্ষক নির্দেশিকাও সরবরাহ করা হবে। প্রাথমিক পর্যায়ে এ নির্দেশিকা 'টিচার গাইড' এবং মাধ্যমিক পর্যায়ে 'টিচার কারিকুলাম গাইড' হিসেবে পরিচিতি পাবে। প্রাথমিকে মোট ৫৮ সেট ও মাধ্যমিকে ৫৭ সেট

নিদের্শিকা প্রকাশ করা হবে। এসব নির্দেশিকা শিক্ষকদের ক্লাসরুমকেন্দ্রিক শিক্ষাদান কার্যক্রম আকর্ষণীয় করতে ভূমিকা রাখবে। গতকাল ২৪ মে মঙ্গলবার জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বিতরণ সংক্রান্ত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৪), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।



**৬। ভোজ্যতেলে ভিটামিন 'এ' নিশ্চিত করতে শিল্পমন্ত্রীর আলটিমেটাম**

ভোজ্যতেলে সঠিক মাত্রায় ভিটামিন 'এ' নিশ্চিত করতে পরিশোধনকারী কোম্পানিগুলোকে ২৪ ঘন্টার আলটিমেটাম দিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, এ সময়ের মধ্যে ভোজ্যতেলে ভিটামিন 'এ' নিশ্চিত করতে না পারলে সেসব কোম্পানির তেল বাজারজাত করতে দেওয়া হবে না। গতকাল ২৪ মে মঙ্গলবার রাজধানীর পূর্বাণী হোটেলে আয়োজিত এক কর্মশালায় এ আলটিমেটাম দেন তিনি। 'বাংলাদেশে ভোজ্যতেল সমৃদ্ধকরণে রেগুলেটরি মনিটরিং বাস্তবায়ন' শীর্ষক ওই কর্মশালার আয়োজন করে শিল্প মন্ত্রণালয় ও গ্লোবাল অ্যালায়েন্স ফর ইমপ্রুভ নিউট্রিশন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**৭। এইচএসসি'র ২৭ মে'র পরীক্ষা আগামী ১২ জুন অনুষ্ঠিত হবে**

চলমান এইচএসসির আগামী ২৭ মে'র পরীক্ষার সূচি পরিবর্তন করা হয়েছে। পরিবর্তিত সূচি অনুযায়ী ২৭ মে'র পরীক্ষা আগামী **১২** জুন অনুষ্ঠিত হবে। গতকাল ২৪ মে মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহের আওতাধানী ২৭ মে অনুষ্ঠিতব্য এইচএসসি/ডিআইবিএস পরীক্ষা ওইদিনের পরিবর্তে **১২** জুন রোববার (সকাল **১০** টা হতে দুপুর **১**টা ও দুপুর **২**টা হতে বিকাল ৫টা) অনুষ্ঠিত হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** ( শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৮। প্রেম ও মানবতার কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী আজ**

প্রেম ও মানবতার কবি জাতীয় কবি কাজী নজরুল ইসলামের **১১৭**তম জন্মজয়ন্তী আজ। নজরুল ছিলেন বিংশ শতাব্দীর অন্যতম জনপ্রিয় অগ্রণী বাঙালি কবি, ঔপন্যাসিক, নাট্যকার, সঙ্গীতজ্ঞ, সাংবাদিক সম্পাদক, রাজনীতিবিদ ও দার্শনিক। জাতীয় কবি কাজী নজরুল ইসলামের **১১৭**তম জন্মবার্ষিকী জাতীয় পর্যায়ে উদ্‌যাপন উপলক্ষে ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে সরকার। এ বছর জন্মবার্ষিকীর মূল অনুষ্ঠান হবে চট্টগ্রামে। আজ সকাল **১১**টায় চট্টগ্রামের এম এ আজিজ আউটার স্টেডিয়ামে উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। এ বছর জাতীয় কবির **১১৭**তম জন্মবার্ষিকী উদ্‌যাপনের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'সাম্প্রদায়িকতা ও ধর্মান্ধতা রোধে নজরুলের প্রাসঙ্গিকতা'। এ উপলক্ষে আইনশৃঙ্খলা বাহিনী জাতীয় পর্যায়ের মূল অনুষ্ঠানসহ সব অনুষ্ঠানে ব্যাপক নিরাপত্তা প্রদান করবে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

**৯। বুয়েটের উপাচার্য খালেদা একরামের ইন্তেকাল**

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) উপাচার্য অধ্যাপক খালেদা একরাম গত ২৩ মে সোমবার রাত ২টা ৫ মিনিটে ব্যাঙ্ককের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহি .... রাজিউন)। তিনি বুয়েটের প্রথম নারী উপচার্য। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বুয়েটের উপাচার্য খালেদা একরামের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। গতকাল ২৪ মে মঙ্গলবার এক শোকবার্তায় রাষ্ট্রপতি তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান। পৃথক শোকবাণীতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, প্রফেসর খালেদা একরামের মৃত্যুতে জাতি এক বরেণ্য শিক্ষাবিদকে হারাল। তিনি প্রয়াত উপাচার্যের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং তাঁর পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১)।

**১০. আসন্ন রমজান ও ঈদ উপলক্ষে চাঁদাবাজি রোধে তৎপর থাকতে পুলিশকে নির্দেশ আইজিপি'র**

আসন্ন রমজান ও ঈদুল ফিতর উপলক্ষে চাঁদাবাজি বন্ধে তৎপর থাকার জন্য পুলিশ কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন পুলিশের ইন্সপেক্টর জেনারেল এ কে এম শহীদুল হক। গতকাল ২৪ মে মঙ্গলবার পুলিশ হেডকোয়ার্টার্সের সম্মেলন কক্ষে রমজান ও ঈদুল ফিতর উপলক্ষে আইনশৃঙ্খলা এবং ট্রাফিক ব্যবস্থাপনা সংক্রান্ত সভায় আইজিপি এ নির্দেশ দেন। আইজিপি পেশাদারিত্ব বজায় রেখে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করে রমজান ও ঈদ উদ্‌যাপন নিরাপদ ও নির্বিঘ্নে করার জন্য

পুলিশ কর্মকর্তাদের নির্দেশ দেন। এছাড়া আইজিপি খাদ্যে ভেজালবিরোধী অভিযান পরিচালনার ওপর জোর দেন। তিনি বলেন, ফরমালিন ও রাসায়নিক উপাদান মিশ্রিত ফল বিক্রি রোধে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৩), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.২)।

**১১। সোনালী ব্যাংকের ঋণ জালিয়াতির মামলায় এজিএমসহ তিন জনের যাবজ্জীবন**

সোনালী ব্যাংকের ঋণ জালিয়াতির এক মামলায় ব্যাংকটির রূপসী বাংলা হোটেল শাখার সাবেক এক সহকারী ব্যবস্থাপকসহ তিনজনকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে আদালত। এরা হলেন ব্যাংকটির সাবেক কর্মকর্তা



সাইফুল হাসান এবং ঋণ গ্রহণকারী প্রতিষ্ঠান প্যারাগন নিট কম্পোজিট লিমিটেডের পরিচালক আবদুল্লাহ আল মামুন ও ব্যবস্থাপনা পরিচালক সাইফুল ইসলাম। ঢাকার ৫ নম্বর বিশেষ জজ আদালতের বিচারক ড. মো. আখতারুজ্জামান গতকাল ২৪ মে মঙ্গলবার এ রায় ঘোষণা করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**১২. খালাসের পরও ১৩ বছর আটক জাবেদ আলীকে কেন ২০ লাখ টাকা ক্ষতিপূরণ দেওয়া হবে না জানতে চেয়ে হাইকোর্টের রুল জারি**

হাইকোর্ট থেকে খালাস পাওয়ার পরও ১৩ বছর কারাগারে আটকে থাকা সাতক্ষীরার জাবেদ আলী বিশ্বাসকে (৫৯) কেন ২০ লাখ টাকা ক্ষতিপূরণ প্রদান করা হবে না-তা জানতে চেয়ে সংশ্লিষ্টদের প্রতি রুল জারি করেছেন হাইকোর্ট। গতকাল ২৪ মে মঙ্গলবার বিচারপতি মঈনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি মো. ইকবাল কবির সমন্বয়ে গঠিত হাইকোর্টের একটি ডিভিশন বেঞ্চ এক রিটের ওপর প্রাথমিক শুনানি নিয়ে এ আদেশ দেন। এছাড়াও অবৈধভাবে ১৩ বছর ধরে জাবেদ আলীকে জেল খাটানো বিবাদিদের নিষ্ক্রিয়তা, ব্যর্থতা ও অবহেলাকে কেন অবৈধ ঘোষণা করা হবে না-রুলে তাও জানতে চেয়েছে আদালত। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **অবজারভার** (শেষ পৃ.,ক.২)।

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো :** ভারতের বিধানসভা নির্বাচনে পশ্চিমবঙ্গে তৃণমূল কংগ্রেসের দ্বিতীয়বার ক্ষমতারোহণ ও আসামে বিজেপির বিজয় বাংলাদেশের জন্য বিশেষ তাৎপর্যপূর্ণ উল্লেখ করে বাংলাদেশের সাথে দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদারে ভারতের বাংলাদেশকে অভিন্ন নদীর পানির ন্যায্য হিস্যা দেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **ইত্তেফাক :** ঘূর্ণিঝড় রোয়ানুর আঘাতের হাত থেকে মানুষের জানমাল রক্ষায় গৃহিত বিভিন্ন পদক্ষেপের কারণে প্রাণহানি কম হওয়ায় বাংলাদেশ এপিসহ বিভিন্ন আন্তর্জাতিক গণমাধ্যমের কাছে প্রশংসিত হওয়ার কথা উল্লেখ করে প্রাকৃতিক দুযোর্গের ঝুঁকি মোকাবিলায় নতুন নতুন উদ্ভাবন ও টেকসই উদ্যোগের সুপারিশ।

গ. **যুগান্তর :** একের পর এক এটিএম কার্ড জালিয়াতির ঘটনায় ব্যাংকিং খাতের সুরক্ষা প্রশ্নবিদ্ধ হওয়ায় সঠিক ব্যবস্থাপনার মাধ্যমে এ ধরণের জালিয়াতি নিয়ন্ত্রণে সরকারি ও বেসরকারি খাতের সমন্বিত উদ্যোগের আহ্বান।

ঘ. **যায়াযায়দিন :** কমিউনিটি পুলিশের কার্যক্রম দুর্নীতি ও দায়িত্ব অবহেলার দায়ে অভিযুক্ত হওয়ায় এসব দূর করতে তাদের লোকবল সংকট কমিয়ে তাদের কার্যক্রমের ওপর নিয়মিত মনিটরিং এর সুপারিশ।

ঙ. **ডেইলি স্টার, নিউজ টুডে, ইনকিলাব :** বিনা পরোয়ানায় গ্রেফতার সংক্রান্ত ফৌজদারি কার্যবিধির ৫৭ ধারা ও রিমান্ড সংক্রান্ত ১৬৭ ধারা নিয়ে করা আপিল আবেদন সুপ্রীম কোর্টের আপিল বিভাগ খারিজ করে দেওয়াকে ঐতিহাসিক রায় বলে অভিনন্দন জানিয়ে সংশ্লিষ্ট সকলে রায়টি মেনে চলবেন বলে প্রত্যাশা ব্যক্ত।

চ. **ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার, নিউ নেশন, জনকণ্ঠ :** ঘূর্ণিঝড় রোয়ানুর আঘাতে ক্ষতিগ্রস্তরা যেন ত্রাণ, পুনর্বাসন ও ক্ষয়ক্ষতি পূরণে যথাযথভাবে সহায়তা পায়, কোনো দুর্নীতি যেন না হয় সেরূপ পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ছ. **নিউ নেশন :** হজ এজেন্সিস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) এর সরকারি ফান্ডের অর্থ দিয়ে দুর্নীতির বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে ফান্ডের অর্থ উদ্ধার করার পাশাপাশি হজ ব্যবস্থাপনাকে অসৎ লোকদের হাত থেকে রক্ষার সুপারিশ।

জ. **নিউ এজ, অবজারভার, সংবাদ :** শিক্ষক নিগ্রহকে ঘিরে নারায়ণগঞ্জের উদ্ভুত পরিস্থিতি মোকাবিলায় সাম্প্রদায়িক উস্কানি কঠোরভাবে দমনের ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে জননিরাপত্তা, সুশাসন, ভিন্নমত প্রকাশের স্বাধীনতা, মানবাধিকার সুরক্ষা ও গণতান্ত্রিক ব্যবস্থার উন্নয়নই আধুনিক রাষ্ট্রব্যবস্থার উন্নয়নের মূল মানদণ্ড বলে বিবেচিত হয় বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'ইউনিয়ন তথ্য ও সেবাকেন্দ্র বাস্তবায়নে তৃণমূল নারীর ক্ষমতায়ন'** শিরোনামের নিবন্ধে মো. শাহেদুল ইসলাম আধুনিক তথ্য-প্রযুক্তি ব্যবহার করে জনগণের কাছে স্বল্প সময়ে কম খরচে দ্রুত তথ্য সেবা পৌঁছে দেওয়ার এবং অনলাইন সুবিধা প্রদান করে সারা দুনিয়ার যথেচ্ছ জ্ঞানভাণ্ডারের সঙ্গে সমাজের সর্বস্তরের জনগণের সংযোগ ঘটাতে হবে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে বলে  অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা